

■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৯৭

পর্ব-৬: যাকাত (১১১ الزكاة)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - সদাকার মর্যাদা

بَابُ فَضْل الصَّدَقَةِ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «خَلَقَ كُلَّ إِنْسَانٍ مِنْ بَنِي آدَمَ عَلَى سِتِّينَ وَثَلَاثِمِائَةِ مَفْصِلٍ فَمَنْ كَبَّرَ اللَّهَ وَحَمِدَ اللَّهَ وَهَلَّلَ اللَّهَ وَسَبَّحَ اللَّهَ وَاسْتَغْفَرَ اللَّهَ وَعَزَلَ حَجَرًا عَنْ طَرِيقِ النَّاسِ أَوْ شَوْكَةً أَوْ عَظْمًا أَوْ أَمَرَ وَسَبَّحَ اللَّهَ وَاسْتَغْفَرَ اللَّهَ وَعَزَلَ حَجَرًا عَنْ طَرِيقِ النَّاسِ أَوْ شَوْكَةً أَوْ عَظْمًا أَوْ أَمَرَ بِمَعْرُوفٍ أَوْ نَهَى عَنْ مُنْكَرٍ عَدَدَ تِلْكَ السِّتِينَ وَالثَّلَاثِمِائَةِ فَإِنَّهُ يَمْشِي يَوْمَئِذٍ وَقَدْ زَحْزَحَ نَفْسَهُ عَنِ النَّارِ» . رَوَاهُ مُسلم

বাংলা

১৮৯৭-[১০] আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আদম সন্তানের প্রত্যেককে তিনশ' ষাটটি জোড়া দিয়ে সৃষ্টি করা হয়েছে। এ অবস্থায় যে ব্যক্তি 'আল্ল-হু আকবার', 'আলহামদুলিল্লা-হ', 'লা- ইলা-হা ইল্লাল্ল-হ', 'সুবহা-নাল্ল-হ' বলবে এবং আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করবে, মানুষের পথ হতে পাথর, কাঁটা কিংবা হাডিড সরিয়ে দেবে অথবা ভাল কাজের হুকুম করবে, খারাপ কাজে বাধা দেবে, আর এসব কাজ তিনশ' ষাটটি জোড়ার সংখ্যা অনুসারে করবে, সে ব্যক্তি নিজকে সেদিন থেকে জাহান্নাম হতে বাঁচিয়ে চলতে থাকল। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১০০৭, সুনানুল কুবরা লিন নাসায়ী ১০৬০৫, ইবনু হিব্বান ৩৩৮০, সুনানুল কুবরা লিল বায়হাকী ৭৮২২, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ১৭১৭, সহীহ আত্ তারগীব ১৫৬০, সহীহ আল জামি' আস্ সগীর ২৩৯১।

ব্যাখ্যা



ব্যাখ্যা: (فَمَنْ كَبَّرَ اللّهَ) আল্লামা মুল্লা 'আলী কারী হানাফী (রহঃ) বলেন, 'আল্ল-হু আকবার' বলল। (حَمِدَ اللّهَ) অর্থাৎ 'লা- ইলা-হা ইল্লাল্ল-হ' বললো। (سَبَّحَ اللّهَ) অর্থাৎ সুবহা-নাল্ল-হ বললো।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন